যুগান্তর

তারিখ ... 11 MAR 2015

# আজ ও কালের কামিল পরীক্ষা স্থগিত

ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠেয় আজ বুধ ও বৃহস্পতিবারের কামিল (মাস্টার্স) পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ নিয়ে টানা তৃতীয় দফায় কামিল পরীক্ষা স্থগিত করা হল। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক আরিফ মোল্লা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে পরীক্ষা স্থগিতের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। বিজ্ঞপ্তিতে আজ ১১ মার্চ ও কাল ১২ মার্চের মাদ্রাসা শিক্ষার্থীদের কামিল (মাস্টার্স) পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরে জানানো হবে বলে জানানো হয়েছে। ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী জানান, 'স্থগিত পরীক্ষার পরবর্তী সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া এ সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.iu.ac.bd পাওয়া যাবে।'